# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ৯. টায়ার থেকে সিদোন হয়ে গালীলে যাওয়া

মার্ক ৭/৩১ নিম্নরূপ: ‘‘পরে তিনি টায়ার অঞ্চল থেকে বের হলেন এবং সিদোন হয়ে দিকাপলি অঞ্চলের মধ্যে দিয়ে গালীল সাগরের কাছে আসলেন (Then he returned from the region of Tyre, and went through Sidon to the Sea of Galilee, through the region of the Decaoplis RSV)।’’

বর্তমান ও প্রাচীন ফিলিস্তিনের মানচিত্রে দৃষ্টি দিলে পাঠক দেখবেন যে, সোর বা টায়ার থেকে সম্পূর্ণ উত্তরে সিদোন। আর গালীল সাগর টায়ার থেকে দক্ষিণ পূর্ব দিকে। তাহলে বাংলাদেশের মানচিত্রে ঢাকা থেকে চট্টগ্রাম যাওয়ার জন্য ময়মনসিংহ  হয়ে যাওয়া! পল টবিন (Paul Tobin) এ প্রসঙ্গে লেখেছেন:

“There is no hint here of any prolonged tour. The passage above suggest that Sidon is between the road from Tyre to the Sea of Galilee. However look at the map of Palestine below. The Sea of Galilee is to the southeast of Tyre while Sidon is to the north of the city. As David Barr, Professor of Religion at Wright State University remarked: "the itinerary sketched in 7:31 would be a little like going from New York to Washinton, D.C. by way of Boston"! “It is simply not possible to go through Sidon from Tyre to reach the Sea of Galilee. What is worse, it is a known historical fact that there was no direct road from Sidon to the Sea of Galilee during the first century CE. There was, however, one from Tyre to the Sea of Galilee.”

‘‘এখানে কোনো দীর্ঘ ভ্রমণের ইঙ্গিত নেই। উপরের বক্তব্য জানাচ্ছে যে, সোর থেকে গালীল সাগরে যাওয়ার পথেই সিদোন। কিন্তু নিম্নে ফিলিস্তিনের মানচিত্র দেখুন। গালীল সাগর টায়ার থেকে দক্ষিণপূর্ব দিকে। পক্ষান্তরে সিদোন উত্তর দিকে। (আমেরিকার) রাইট স্টেট ইউনিভার্সিটির ধর্মতত্ত্বের প্রফেসর ডেভিড বার বলেন: মার্ক ৩:৭ বর্ণিত ভ্রমণসূচি হল অনেকটা নিউইয়র্ক থেকে বোস্টন হয়ে ওয়াশিংটন যাওয়া! সোর থেকে সিদোন হয়ে গালীল সাগরে যাওয়া এক কথায় সম্ভবই নয়। আরেকটা বিষয় আরো মারাত্মক। ঐতিহাসিকভাবে পরিজ্ঞাত যে, প্রথম খ্রিষ্টীয় শতকে সিদোন থেকে সরাসরি গালীল সাগরে যাওয়ার কোনো রাস্তাই ছিল না। তবে টায়ার থেকে গালীল সাগর পর্যন্ত একটা রাস্তা ছিল।’’[1]

### ফুটনোট

[1] http://www.rejectionofpascalswager.net/markauthor.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14171

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন